# রপ্তানীমূখী তৈরী পোশাক  শিল্প মালিকদের সমন্বয়ে গঠিত আশুলিয়া, সাভার আঞ্চলিক জোন কমিটির সভার কার্যবিবরনী

প্রতি বছরের ন্যায় ঈদ-উল-ফিতরের পূর্বে আশুলিয়া, সাভার এলাকার মালিক এবং মালিকের প্রতিনিধিদের নিয়ে এলাকার শ্রম পরিস্থিতি এবং ঈদ উপলক্ষে গত ০১ এপ্রিল, ২০২৩ তারিখে বিজিএমইএ এর বোর্ড রুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব আব্দুস সালাম মুর্শেদী, এম.পি, সাবেক সভাপতি, বিজিএমইএ এবং কনভেনর আশুলিয়া ও সাভার আঞ্চলিক জোন। আরও উপস্থিত ছিলেন জনাব মোঃ সিদ্দিকুর রহমান, সাবেক সভাপতি, বিজিএমইএ, জনাব এস.এম. মান্নান (কচি), সিনিয়র সহ-সভাপতি, বিজিএমইএ, জনাব মোঃ নাসির উদ্দিন, সহ-সভাপতি, বিজিএমইএ, জনাব আব্দুল্লাহ হিল রাকিব, পরিচালক, বিজিএমইএ, জনাব মিজানুর রহমান, পরিচালক, বিজিএমইএ, জনাব জাহিদুল কবির, ডিআইজি (অপারেশন), ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, জনাব মোঃ শাখাওয়াত হোসেন, এসপি, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-১, আশুলিয়া, ঢাকা এবং সাভার, আশুলিয়া এলাকার মালিক ও প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়ঃ

**১। মার্চ‘২৩ মাসের বেতন প্রদান প্রসঙ্গেঃ**

আইন অনুযায়ী মার্চ‘২৩ মাসের বেতন পরবর্তী মাসের ৭ কর্মদিবস হিসাবে এপ্রিল মাসের ১০ তারিখ পর্যন্ত প্রদান করা যাবে। তবে স্ব স্ব কারখানা প্রচলিত নিয়ম অনুযায়ী ০৫-১০ই এপ্রিলের মধ্যে মার্চ‘২৩ মাসের মজুরী প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।

**২। ঈদ বোনাস প্রদান প্রসঙ্গেঃ**

সাভার, আশুলিয়া এলাকার রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পে মার্চ‘২৩ মাসের বেতন ১০ই এপ্রিল‘২৩ পর্যন্ত প্রদান করা হবে। ১১ই এপ্রিল‘২৩ থেকে ঈদের ছুটির আগের দিন পর্যন্ত ঈদ বোনাস প্রদান করা যাবে। স্ব স্ব কারখানা পূর্বের প্রচলিত নিয়ম অনুযায়ী ১১-২০শে এপ্রিল‘২৩ তারিখের মধ্যে ঈদ বোনাস প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।

**৩। এপ্রিল‘২৩ মাসের ভাংতি বেতন ঈদের পূর্বে অগ্রীম প্রদান প্রসঙ্গেঃ**

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, আন্তর্জাতিক অর্থনীতিক মন্দাসহ নানাবিধ কারণে বর্তমানে রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পে রপ্তানী আদেশের স্বল্পতা রয়েছে। শ্রম আইন মোতাবেক এপ্রিল‘২৩ মাসের বেতন মে মাসের ৭ কর্মদিবস অনুযায়ী ১০ই মে পর্যন্ত প্রদান করা যাবে।

**৪। ঈদের পূর্বে ছুটি প্রদান প্রসঙ্গেঃ**

ক্যালেন্ডার অনুযায়ী দেখা যাচ্ছে যে, এ বারের ঈদ ২২শে এপ্রিল, ২০২৩ তারিখ রোজ শনিবার। ঈদের আগে ক্যালেন্ডার অনুযায়ী শেষ কর্মদিবস ২০শে এপ্রিল, ২০২৩ বৃহস্পতিবার। শুক্রবার থেকে ঈদের ছুটি শুরু। সরকারী ছুটি বাদে বাকী ৪ কর্মদিবস জেনারেল ডিউটি করা স্বাপেক্ষে পূর্বের ন্যায় ২১শে এপ্রিল‘২৩ তারিখ রোজ শুক্রবার থেকে ২৮শে এপ্রিল‘২৩ রোজ শুক্রবার পর্যন্ত সর্বমোট ৮ দিন ঈদের ছুটি দেওয়া যেতে পারে। কোন কারখানা কর্তৃপক্ষ যদি শ্রমিক পক্ষের সাথে আলোচনা করে নিজেদের শীপমেন্ট, প্রোডাকশান ইত্যাদি বিষয়ে সমন্বয় করে উক্ত তারিখের পূর্বে ছুটি প্রদান করতে চাইলে করতে পারবে।

**৫. মানি স্কট:**

শ্রমিকদের বেতন ভাতার টাকা ব্যাংক থেকে উত্তোলন করে কারখানা পর্যন্ত পৌঁছানোর সময়ে যাতে করে কোন ধরনের ছিনতাই, ডাকাতি বা অনাকাঙ্খিত ঘটনা না ঘটে, সেই জন্য পুলিশের সাহায্য নেওয়ার জন্য সম্মানিত মালিকদের অনুরোধ করা হয়। এ ব্যাপারে ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ডিএমপি পুলিশ কন্ট্রোল রুম, সংশ্লিষ্ট এসপি/থানার সাথে যোগাযোগ করে পুলিশি সহায়তা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনে বিজিএমইএ'র যুগ্ম-সচিব জনাব মোঃ আবুল হোসেন, মোবাইল-০১৯১৩৫২৯৯৩০ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

**৬. ব্যাংক, পোর্ট, শিপিং লাইন্স, ফ্রেইড ফরওয়ার্ডার্স, কন্টেইনার ডিপো খোলা রাখা প্রাসঙ্গেঃ**

ঈদ উল ফিতরের পূর্বে ১৯শে এপ্রিল'২৩ শবে কদর উপলক্ষ্যে সরকারী ছুটি। উক্ত ছুটির দিন শ্রমিকদের বেতন ভাতা উত্তোলনের সুবিধার্থে পূর্বের ন্যায় ব্যাংক সমূহ খোলা রাখার ব্যবস্থা করা এবং ২০শে এপ্রিল'২৩ পর্যন্ত চট্টগ্রাম পোর্ট, শিপিং লাইন্স, ফ্রেইড ফরওয়ার্ডার্স, কন্টেইনার ডিপোসহ আমদানী-রপ্তানীর কাজে জড়িত সংশ্লিষ্ট অফিস খোলা রাখা এবং রপ্তানী কার্যক্রম সচল থাকে সেই বিষয়ে বিজিএমইএ কে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়।

**৭. ঈদের ছুটি চলাকালীন সময়ে কারখানার নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গেঃ**

ঈদের ছুটিতে কারখানা যে কয়দিন বন্ধ থাকবে ঐ সময়ে কারখানার স্থাপনা চুরি, ডাকাতি, অগ্নি দূর্ঘটনার মত কোন ধরনের কার্যক্রম সংঘটিত হতে না পারে সেই ব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহিত হয় যে, স্ব স্ব কারখানা কর্তৃপক্ষ ছুটির দিন শ্রমিকগণ কারখানা হতে বের হওয়ার পর বিদ্যুৎ লাইন, গ্যাস লাইন, জেনারেটর, বয়লার ও পানির সংযোগ ইত্যাদি সঠিকভাবে আছে কি না নিশ্চিত করবেন। এ ছাড়াও নিরাপত্তা প্রহরী হিসাবে যারা দায়িত্ব পালন করবেন তাদেরকে একজন কর্মকর্তা প্রতিদিন সকাল বিকাল পরিদর্শণ করে খোজ খবর নিতে হবে। নিরাপত্তা প্রহরীদের নিকট আত্মীয় স্বজন পরিচয় দিয়ে কেউ এসে কোন ধরনের নাশকতা মূলক কার্যক্রম না করতে পারে সে দিকে দৃষ্টি রাখতে হবে। ইন্ডাস্ট্রিয়াল পুলিশ রাত দিন পেট্রোলিং ব্যবস্থা জোরদার করবেন। কোন ধরনের সমস্যা হলে ইন্ডাস্ট্রিয়াল পুলিশ স্থানীয় থানা অথবা বিজিএমইএ'র যুগ্ন-সচিব জনাব মোঃ আবুল হোসেন, মোবাইল-০১৯১৩৫২৯৯৩০ এর সাথে যোগাযোগ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

**৮. বিজিএমইএ ও বিকেএমইএ এর সদস্য নহে এ ধরনের পোশাক শিল্প কারখানা পরিচালনা প্রসঙ্গেঃ**

বর্তমানে কিছু পোশাক প্রস্তুতকারী শিল্প কারখানা রয়েছে যারা বিজিএমইএ ও বিকেএমইএ এর সদস্য নহে এবং এ ধরনের অধিকাংশ কারখানায় কমপ্লায়েন্স ও শ্রম আইন মেনে পরিচালনা করা হয় না, পোশাক শিল্পের যে কোন দূর্ঘটনা অথবা দুর্যোগ পূর্ণ সময়ে এ ধরনের নন-কমপ্লায়েন্স এবং বিজিএমইএ ও বিকেএমইএ এর সদস্য নহে পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠানের ছবি ভিডিও সোসাল মিডিয়াসহ বিভিন্ন মাধ্যমে প্রচার করে জাতীয় ও আন্তর্জাতিকভাবে দেশের এবং রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পে ভাবমুর্তী ক্ষুন্ন করে। সুতরাং এ ধরনের কারখানা সমূহকে বিজিএমইএ অথবা বিকেএমইএ এর সদস্যভুক্ত করার জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তপক্ষের বরাবরে চিঠি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**৯. ক্রেতা, ব্রান্ড অথবা বায়িং অফিস মনোনীত প্রতিনিধি কর্তৃক রপ্তানীযোগ্য মালামাল ঈদের ছুটির পূর্বে ইন্সপেকশন করণ প্রসঙ্গেঃ**

রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান পন্য রপ্তানী করার পূর্বে ক্রেতা, ব্রান্ড অথবা বায়িং অফিস কর্তৃক মনোনীত বিভিন্ন ইন্সপেকশন সংস্থা কর্তৃক রপ্তানীযোগ্য মালামাল ইন্সপেকশন করে থাকে। উক্ত বিষয়ে বিজিএমইএ থেকে ক্রেতা, ব্রান্ড অথবা বায়িং অফিস মনোনিত ইন্সপেকশনকারী সংস্থাসমূহের বরাবরে ঈদের ছুটির পূর্বে শেষ কর্মদিবস পর্যন্ত প্রস্তুতকৃত রপ্তানীযোগ্য মালামাল ইন্সপেকশন শেষ করার অনুরোধ জানিয়ে চিঠি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**১০. সিদ্ধান্ত পরিবর্তন:**

জরুরী রপ্তানী বিবেচনা করে স্ব স্ব কারখানা কর্তৃপক্ষ নিজস্ব শ্রমিকদের সাথে আলাপ আলোচনা পূর্বক যে কোন সিদ্ধান্ত গ্রহণ পরিবর্তন করতে পারবে। তবে লক্ষ্য রাখতে হবে যে ঈদের পূর্বে কোন ভাবেই শ্রমিক আন্দোলন এর নামে ভাংচুর, মারামারি, রাস্তা ঘাট বন্ধ করার মত জনসাধারনের অসুবিধা হয় এ ধরনের কোন কাজ সংঘটিত না করতে পারে। এ ব্যাপারে প্রয়োজনে বিজিএমইএ'র সিনিয়র অতিরিক্ত সচিব (ক্রাইসিস) জনাব মুনসুর খালেদ, মোবাইল নং-০১৭১৩০৬২৭২৮ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ধন্যবাদান্তে,

**আব্দুস সালাম মুর্শেদী, এম. পি**
কনভেনর
রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পের আশুলিয়া, সাভার আঞ্চলিক জোন কমিটি।

**বিঃ দ্রঃ** কারখানার নিরাপত্তার ইস্যুতে যে কোন পুলিশি সহায়তার জন্য প্রয়োজনে ইন্ডাস্ট্রিয়াল পুলিশ জোন-১ এর পুলিশ সুপার জনাব শাখাওয়াত হোসেন, মোবাইল-০১৩২০১৭০১০০ এ যোগাযোগ করা যেতে পারে।